## জাঙ্গপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ⁄০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

হাতে কাটা
**বিশুদ্ধ পৈতা**
পণ্ডিত-প্রেসে পাইবেন।

**সুলভ ভাণ্ডার**

সাইকেল, টায়ার, টিউব, হাসাগ, গ্রামোফোন প্রভৃতি পার্টস্ বিক্রেতা ও মেরামতকারক। নির্দ্ধারিত সময়ে সাইকেল সরবরাহ করা হয়।
রঘুনাথগঞ্জ — চাউলপটি

৪৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৬ই আষাঢ় বুধবার ১৩৬৩ ইংরাজী 20th June. 1956 { ৬ষ্ঠ সংখ্যা



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. SERVICE

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ৯ই জুলাই ১৯৫৬

১৯৫৫ সালের ডিক্রীজারী

৪৫৪ থাং ডিঃ ফুলচাঁদ শেঠী দেং উমাচরণ দাস দিং দাবি ২২॥৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে তেঘরী ৪-৬২ শতকের কাত ৭।৵০ আঃ ৪৬০৲ খং ৮

৪৫৯ থাং ডিঃ শান্তিকুমার চট্টোপাধ্যায় দিং দেং ব্যোমকেশ ভট্টাচার্য্য দিং দাবি ৬২॥০ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাঁকুড়িয়া ও সাধুয়া ২-৭৭ শতকের কাত ৯৲ আঃ ২৭০৲ খং ২৩৬ ও ৯৪

৪৭৩ থাং ডিঃ বিশ্বেশ্বর ঘোষাল দেং জঙ্গলনাথ ঘোষ দিং দাবি ১৫০।০ থানা রঘুনাথগঞ্জ মৌজে সাহেবনগর ৭-২ শতকের কাত নিজাংশে ২২৸৵১১ আঃ ৭০০৲ খং ১২৭

৫২ মনি ডিঃ কামাখ্যাচরণ কুণ্ডু দেং জগদিন্দ্রনাথ চৌধুরী দাবি ১৮৬৸৵০ থানা সাগরদীঘি মৌজে বেলড়িয়া ১-৮২ শতকের ।৵০ অংশ আঃ ২০০৲ খং ৩৬৬ পুকুর মায় জল ও পাহাড়

১৯৫৬ সালের ডিক্রীজারী

৫৩ থাং ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিং [illegible] বিশ্বাস দিং দাবি ৪৪॥৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামদাসটুলি ৩০॥০ শতকের কাত ৪৵০ আঃ ৯৫৲ খং ২৭, ৩১, ৩৪, ৪১, ৪২

৫৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬০।৵৩ মৌজাদি ঐ ৩-২৫।০ শতকের কাত ১৩।⁄০ আঃ ৩২৫৲ খং ৬, ৭, ২১, ২২

৫৪ থাং ডিঃ ঐ দেং তাহিরুদ্দি মণ্ডল দাবি ২৯॥৶০ মৌজাদি ঐ ৯৫॥০ শতকের কাত ৪৵০ আঃ ৯৫৲ খং ২৭, ৩১, ৪১, ৪২, ৩৪

৫৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬০⁄৬ মৌজাদি ঐ ৩-২৫।০ শতকের কাত ১৩।⁄০ আঃ ৩২৫৲ খং ৬, ৭, ২১, ২২

৩৬ থাং ডিঃ যাদবেন্দ্রনাথ ভট্টাচার্য্য নাঃ দিং দেং হরিহর ঘোষাল দাবি ৪৩৮৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে মণ্ডলপুর ৬২ শতকের ৫॥৵৬ আঃ ৬০৲ খং ৩৯৬

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৬ই আষাঢ় বুধবার সন ১৩৬৩ সাল।

## "বেল্লিকের বাড়ীর নেমন্তন্ন— না আঁচালে বিশ্বাস নাই"

—•—

গত ১৪ই জুন ভারত সরকারের স্বরাষ্ট্র দপ্তর পশ্চিমবঙ্গ সরকারের নিকট বহু প্রত্যাশিত বিহার-পশ্চিমবঙ্গ ( এলাকা হস্তান্তর ) বিলটি প্রেরণ করিয়াছেন। সীমানা কমিশন কর্ত্তৃক নির্দ্দিষ্ট অংশ নহে, ভারত সরকার কর্ত্তৃক নিয়োজিত উচ্চ ক্ষমতা-সম্পন্ন কমিটি বিহারের যে এলাকা পশ্চিমবঙ্গকে প্রত্যর্পণ করার পরামর্শ দিয়াছিলেন বিলে সেই এলাকাগুলি হস্তান্তরের জন্য ব্যবস্থা হইয়াছে।

বিলের ব্যবস্থা অনুযায়ী (ক) পূর্ণিয়া জিলার কিষনগঞ্জ মহকুমার মহানন্দা নদীর পূর্ব্ব তীরবর্ত্তী অংশ; (খ) পূর্ণিয়া জিলার গোপালপুর থানার মধ্যবর্ত্তী জাতীয় সড়ক ও সড়কের উত্তর দিকের অংশ, এবং মানভূম জিলার চাষ ও চাণ্ডিল থানা এবং বড়ভূম থানার পতমদা পুলিস ষ্টেশন এলাকা বাদে সমগ্র পুরুলিয়া মহকুমা পশ্চিমবঙ্গ ভুক্ত হইবে।

আগামী ১লা অক্টোবর হইতেই বিলের ব্যবস্থা কার্য্যকরী হইবে।

ইংরেজ শাসকগণ রাজদ্রোহী বাংলাকে শাস্তি দিবার জন্য বাংলার যে অংশ বিহারের সামীল করে, তদানীন্তন বিহারের নেতৃবৃন্দ সুসময় যদি আসে ( অর্থাৎ স্বাধীনতা যদি আসে ) তবে বাংলার এই সব অঞ্চল বাংলাকে ফিরাইয়া দিবার প্রতিশ্রুতি দেন। স্বাধীনতা লাভের পর ভারতের কংগ্রেসী নেতারাও ভাষার ভিত্তিতে প্রদেশ গঠন ব্যবস্থার আশা দিয়াছিলেন ইহাও সর্ব্বজনবিদিত।

সীমা নির্দ্ধারণ কমিশন নিযুক্ত হওয়ার সময় দেখা [illegible] কমিশনের প্রধান ব্যক্তি সৈয়দ ফজল আলি [illegible] বিহারে বিবদমান অবস্থা থাকা সত্ত্বেও) বিহারের অধিবাসী হইয়াও এই দায়িত্বপূর্ণ কাজের ভার পাইলেন। পশ্চিম বাংলা ইহাতেও কমিশনের বাংলায় আসার পর কোন আপত্তি বা বিক্ষোভ প্রদর্শন ইত্যাদি কোন অপ্রিয় কার্য্য করে নাই। পশ্চিমবঙ্গের নেতৃবৃন্দ ভদ্রতা ও শালীনতার সহিত তদন্ত কার্য্যে নিজেদের বক্তব্য জ্ঞাপন করেন।

বিহারের কর্ত্তারা কমিশন তাঁহাদের প্রদেশের যে অংশে যখন তদন্ত করিতে গিয়াছেন তখনই তাণ্ডব নৃত্য সহ বিক্ষোভকারী প্রেরণ করিয়া কমিশনের কার্য্যে ব্যাঘাত সৃষ্টি করিতে ছাড়েন নাই। তারপর বিহারের মুখ্যমন্ত্রী ডাঃ শ্রীকৃষ্ণ সিংহ দুর্য্যোধন যেমন দম্ভ করিয়া বলিয়াছিলেন "বিনাযুদ্ধে নাহি দিব সূচ্যগ্র মেদিনী।" বিহারী কংগ্রেস সভাপতি ও বাংলার কংগ্রেস সভাপতির লিখিত বাকবিতণ্ডার যথেষ্ট নিদর্শন আছে। বাংলার মুখ্য মন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় ( বিহারে জন্মগ্রহণ করেন ) ডাঃ শ্রীকৃষ্ণ সিংহের সহিত বিরুদ্ধ ভাবাপন্ন থাকিতে থাকিতে হঠাৎ দিল্লীতে যেন সুতহিবুক যোগে উভয়ে মিলিত হইয়া গেলেন। বাংলার কোনও প্রাণীকে বলা নাই কহা নাই বাংলা বিহারের সীমা নির্দ্ধারণকে জাহান্নামে দিয়া বাংলা বিহার সীমা কমিশন কর্ত্তৃক নির্দ্ধারিত এবং জহর-আজাদ-ডেবর-পন্থ কর্ত্তৃক বিহারের স্বার্থানুযায়ী বাংলার অংশ কম করিয়া সংশোধিত নির্দ্দেশও ধামা চাপা দিয়া বাংলা বিহার একীকরণ কার্য্যে মনোনিবেশ করিলেন। ভারতের প্রধান মন্ত্রী শ্রীজহরলাল এই প্রস্তাবকে মহান্ প্রস্তাব বলিয়া প্রশংসা করার পর অমৃতসরে নিখিল ভারত কংগ্রেস কর্ত্তৃক এই প্রস্তাব আশীর্ব্বাদ লাভ করিল। লোকসভার সদস্য ডাঃ মেঘনাদ সাহা বাংলার পক্ষে নেতৃত্ব করিবার জন্য একটি ক্ষুদ্র সম্প্রদায় গঠন করিলেন। বিধান সরকারের বিরুদ্ধে সত্যাগ্রহ আরম্ভ হইল। ক্ষুদ্র দল ক্রমে বিরাট হইতে বিরাট-তর হইয়া পশ্চিমবাংলায় পরিব্যাপ্ত হইল। দলে দলে লোক জেলে যাইতে লাগিল। নেতা ডাঃ মেঘনাদ রোগ নাই বালাই নাই হঠাৎ দিল্লীর রাজপথে দেহত্যাগ করিলেন। সেনাপতি-বিহীন সৈন্যগণ সত্যাগ্রহ রণে মাতিয়া উঠিল। ডাঃ বিধান চন্দ্র কলিকাতা কর্পোরেশনের নির্ব্বাচনে কংগ্রেসের পরাজয় অবশ্যম্ভাবী জানিয়া তাহা বৎসরাধিক কালের জন্য স্থগিত রাখিবার ব্যবস্থা করিলে কি হইবে? ডাঃ মেঘনাদ দেহত্যাগে লোক সভার নির্ব্বাচনে এই "ইলেকসন্ ফোবিয়া" রোগগ্রস্ত কংগ্রেসকে নির্ব্বাচন যুদ্ধে নামিতে বাধ্য করিলেন। কলিকাতার একাংশ কংগ্রেসের প্রতি অনাস্থা প্রতিপন্ন করিল কংগ্রেস প্রার্থীকে ৩৩০০০ হাজার ভোটে পরাস্ত করিয়া। ডাঃ বিধানের দম্ভোন্নত শির নত হইল। তিনি বাংলা বিহার সংযুক্তি প্রত্যাহার করাই যুক্তিযুক্ত মনে করিলেন।

বিহারের জিদ থামিবার নয়। এ জিদ "খুঁটোর জোরে বাছুর নাচানর মত।" কারণ বিহারী নেতা ডাঃ রাজেন্দ্র প্রসাদ বর্ত্তমানে দিল্লীর সিংহাসনে আসীন রাষ্ট্রপতি। বিচারাসনে অধিষ্ঠিত হইয়া কোন সদ্বংশজাত ভদ্র সন্তান হীন স্বার্থপরতা প্রদর্শন করিতে পারেন না। ইহা ধ্রুব সত্য।

স্বপ্রদেশের উন্নতি—অন্য প্রদেশের চোরাই মাল দিয়া করা অতীব ঘৃণ্য কার্য্য। বিহার ভুক্ত বাংলা ভাষীদের যে কি কষ্ট, মানভূমের লোকসেবক সঙ্ঘের নরনারী নির্ব্বিশেষে হাজার ব্যক্তি পদব্রজে ১৭৫ মাইল রাস্তা হাঁটিয়া কলিকাতায় আসিয়া সত্যাগ্রহে যোগ দিয়া কারাবরণ করাই তাহার প্রত্যক্ষ প্রমাণ।

পশ্চিমবাংলা তাহার ইংরাজ কর্ত্তৃক হৃত অংশের দাবি করিয়া যে অংশ এই বিল দ্বারা প্রাপ্ত হইবার কথা হইয়াছে তাহা তাহার দাবির তুলনায় কিছুই নহে। তবুও আমরা এই সীমা নির্দ্ধারণ ব্যাপারের পূর্ব্বাপর লক্ষ্য করিয়া বলিতে বাধ্য হইতেছি—না আঁচালে বিশ্বাস নাই।

———

## তথাগত

শ্রীসু-মো-দে

পৃথিবীর বুকে হিংসামত্ত
যুদ্ধবাজের ভীড়,
শান্তি মৈত্রী বিঘ্নিত সদা
ধূলিসাৎ সুখনীড়!
পশ্চিমাকাশ আঁধার আবৃত
নরপশুদের মেলা,
হাইড্রোজেনের দাপটে ত্রস্ত
প্রাণ নিয়ে চলে খেলা।

ক্ষমা সুন্দর মূর্ত্তিতে এসো
ভগবান তথাগত,
ধূলার ধরণী সুন্দর কর
নাশো কুৎসিত যত।

——

## বাড়ী বিক্রয়

রঘুনাথগঞ্জ ফাঁসিতলায় ফৌজদারী কাছারীর দক্ষিণে সদর রাস্তার উপরে ২ খানি দোতলা পাকা বাড়ী ও তৎসংলগ্ন ফাঁকা জায়গা এবং রঘুনাথগঞ্জের মধ্যস্থলে শ্রীকেনারাম চন্দ্র মহাশয়ের বাড়ীর সন্নিকটে দোতলা পাকা বাড়ী বিক্রয় হইবে। সত্বর নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন। ১৮।৬।৫৬

শ্রীহীরালাল রায়
সাং আহিরণ

## নিলামের ইস্তাহার

### *চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত*
### *নিলামের দিন ৯ই জুলাই ১৯৫৬*

১৯৫৬ সালের ডিক্রীজারী

৬৭ খাং ডিঃ বিশ্বেশ্বর ঘোষাল দেং ভুজঙ্গভূষণ দাস দাবি ৮৪॥৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেণ্ডা জামুয়ার ৬-৯৮ শতকের কাত ১৬৲ আঃ ৬৯০৲ খং ৩৬

৬৮ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৮৫৸/০ মৌজাদি ঐ ৭-০০ একরের কাত ১৬৲ আঃ ৭০০৲ খং ৩৩

৭৩ খাং ডিঃ কালীপ্রসন্ন রায় দিং দেং অরুণ-কুমার কৈলঠ্যা দিং দাবি ৫৬৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে দক্ষিণপাড়া ১-৮২ শতকের কাত ৮।০ আঃ ৪০৲ খং ৫০৪

৭৬ খাং ডিঃ পূর্ণেন্দুনারায়ণ সিংহ দেং সত্যেন্দ্র-প্রসাদ ধর দিং দাবি ৬১৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে ধল, দক্ষিণপাড়া ৩-৭১ শতকের কাত ১৮৲ আঃ ৩৭০৲ খং ধল ২১২, দক্ষিণপাড়া ৬৮২

১৩৩ খাং ডিঃ বিষ্ণুপদ রায় দেং হরেন্দ্রনাথ সিংহ দাবি ১১।৬ পাই থানা রঘুনাথগঞ্জ মৌজে তেঘরী /১।০ কাঠা জমির কাত ॥১৫ গণ্ডা আঃ ৫৲ খং ৫৯৯

৬৩ খাং ডিঃ ভুজঙ্গভূষণ দাস দিং দেং আব্বাস আলি মণ্ডল দিং দাবি ৫৬৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে হুদরাপুর ২-৫৫ শতকের কাত ১১॥৵২ পাই আঃ ২৫০৲ খং ৩৯ রায়ত স্থিতিবান স্বত্ব

৫৯ খাং ডিঃ ঐ দেং শ্যামাপদ রায় দিং দাবি ৪৫।৵৩ থানা ঐ মৌজে কৃষ্ণসাইল ৩-৮৯ শতকের কাত নিজাংশে ৸৶১২৸— আঃ ৩৮৫৲ খং ৯১ ঐ স্বত্ব

৬২ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৪॥৵৩ থানা ঐ মৌজে পিয়ারাপুর ১৩-৮৬॥ শতকের কাত নিজাংশে ১॥১১।০ আঃ ১৩৮০৲ খং ২৬৪ ঐ স্বত্ব

৬৪ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৩৸০ থানা ঐ মৌজে কৃষ্ণসাইল, আইটলঘাটা ২০-৫২ শতকের কাত ৪/৯ পাই আঃ ৮০০৲ খং ৯২, ১৯ ঐ স্বত্ব

৬৫ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৭৵৯ মৌজাদি ঐ ৮০১ শতকের কাত ৩৶৩ পাই আঃ ২০০০৲ খং ৯৫, ২০ ঐ স্বত্ব

৭২ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৬।৵৩ মৌজাদি ঐ ৮-৩৩ শতকের কাত ২৸৮ পাই আঃ ৮৩০৲ খং ৯৩, ১৮ ঐ স্বত্ব

৮১ খাং ডিঃ লাবণ্যলতা দাসী দেং শ্যামাপদ রায় দিং দাবি ১৮৸৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে দোনলীয়া ৪২ শতকের কাত ১॥৪ আঃ ৪০৲ খং ২০৯ রায়ত স্থিতিবান স্বত্ব

৮০ খাং ডিঃ ঐ দেং সৌদামিনী দাসী দিং দাবি ২৮৵৬ থানা ঐ মৌজে বড়শিমূল, খোদরামপুর ১-২৮ শতকের কাত বৃদ্ধি সহ ৪.৩ পাই আঃ ১২৫৲ খং ৫৯১, ২৩০ ঐ স্বত্ব

৯০ খাং ডিঃ ঐ দেং নন্দরাণী দাসী দাবি ১২৸৵৩ থানা ঐ মৌজে খোদরামপুর ২১ শতকের কাত ॥৵১০ পাই আঃ ২০৲ খং ২২৩ ঐ স্বত্ব

৯১ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪॥৩ মৌজাদি ঐ ২০ শতকের কাত ॥৵১০ আঃ ২০৲ খং ২২৩ ঐ স্বত্ব

৪ মনি ডিঃ ফাইজুদ্দিন বিশ্বাস দেং ফকির সেখ দাবি ৬৮।৩ থানা সুতী মৌজে মহেশাইল ২৪ শতকের কাত ॥৮ পাই আঃ ১০০৲ খং ১৩৯৫

## *শ্রীজহরলালের ডাক্তার উপাধি লাভ*

বোম্বাইএর মেডিক্যাল কলেজ পণ্ডিতজীকে "ডক্টর অব্ মেডিসিন" উপাধি দেওয়ায় তিনি রসিকতা করিয়া বলিয়াছেন—যদি কেহ তাঁহার কাছে রোগ দেখাইতে যায় তবে তিনি কি করিবেন ঠিক করিতে পারিতেছেন না। আমরা বলি পণ্ডিত-জীর স্বাধীন ভারতে হাসপাতাল সমূহের যে সুগন্ধ ও সুনাম ছুটিয়াছে তাহাতে কোন ভয় নাই। একটি গাঁজার কল্কি ও একটা রবারের নল হইলেই হইবে।



এমনি ক'রে কল্কির পেছনে নলটি পূরে দিয়ে তার বুকে লাগিয়ে ব্যবস্থা করবেন—কত ডাক্তার কত রোগীকে ওষুধ দিয়ে এমন স্থানে পাঠাচ্ছে, সে আর এসে কাউকে কিছু বলবে না।

স্বর্গত কান্ত কবি বলেছেন—

"রোগটা বুঝি বা না বুঝি,
আগে দর্শনী ট্যাঁকে গুঁজি,
ষ্টেথিস্কোপ্ আর থার্ম্মোমিটার
মোদের প্রধান পুঁজি।
তোমার ছেলে অক্কা পেলে,
আমার কি আর তাতে,
ওষুধের বিল রোজই পাবে
সাঁঝ, সকালে, প্রাতে।
যতই মাথা ঠোঁকো,
(আর) দিব না ব'লেই রোখো,
বিলটা ভীমরুল মাফিক
ধরবে তেড়ে—জলে বা গর্ত্তে ঢোকো
হও না কেন কিসমৎ মোড়ল
হও না "এডমিরাল টোগো"।

কত রামা শ্যামা ডাক্তারী করছে—পণ্ডিতজীর হাতে যে মরবে তার ভাগ্যি!

সি. কে. সেনের আর একটি

## অনবদ্য সৃষ্টি



পুষ্পগন্ধে সুরভিত

## ক্যাস্টর অয়েল

বিকশিত কুসুমের স্নিগ্ধ
গন্ধসারে সুবাসিত এই
পরিস্রুত ক্যাস্টর
অয়েল কেশের
সৌন্দর্য্য বর্ধনে
অনুপম।

কে. সেন অ্যাণ্ড কোং লিঃ

জবাকুসুম হাউস, কলিকাতা ১২

## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্
এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।